৪০ তম সভা

# উপজেলা পরিষদ

## নাজিরপুর, পিরোজপুর

**নাজিরপুর উপজেলা পরিষদের অক্টোবর ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব অমূল্য রঞ্জন হালদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>নাজিরপুর, পিরোজপুর। |
| স্থান | : | উপজেলা কৃষি প্রশিক্ষণ মিলনায়তন, নাজিরপুর, পিরোজপুর। |
| তারিখ ও সময় | : | ৩১/১০/২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক) | : | (স্বাক্ষরের ক্রমানুসারে) রেজিস্টারে সংরক্ষিত। |

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যকে পুনরায় শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচি অনুযায়ী সভার কাজ সূচনা করেন।

২) বিগত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর সভায় গত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী অদ্যকার সভায় পাঠ করে শুনান, পাঠশেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা পরিষদ নাজিরপুর, পিরোজপুর |

৩) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম যথাযথভাবে পালন করা হচ্ছে না। এ বিষয় সভায় সংশ্লিষ্ট সকলকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যাপারে আন্তরিক হওয়ার অনুরোধ জানান হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল নাজিরপুর, পিরোজপুর |

৪) উপজেলা পরিষদ আইনের পরিবর্তন/সংশোধন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের বিগত মাসিক সভার পর থেকে এ পর্যন্ত উপজেলা পরিষদ আইনের কোন পরিবর্তন/ সংশোধনী আনা হয়নি মর্মে জানা যায় বিধায় এ বিষয়ে কোন আলোচনা নেই। | - | - |

৫) উপজেলা পরিষদ সংক্রান্ত নতুন সার্কুলার/ আদেশ/প্রজ্ঞাপন

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের বিগত মাসিক সভার পর থেকে এ পর্যন্ত উপজেলা পরিষদ সংক্রান্ত নতুন সার্কুলার/ আদেশ/প্রজ্ঞাপন জারী করা হয়নি মর্মে জানা যায় বিধায় এ বিষয়ে কোন আলোচনা নেই। | - | - |

৬) ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভার কার্যক্রম/সুপারিশ পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভা হতে এ মাসে ৩টি সুপারিশ পাওয়া গেছে। তিনি এ বিষয়ে উক্ত সুপারিশ সভায় পাঠ করে শুনান। | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভা নিয়মিত আয়োজনপূর্বক উপজেলা পরিষদে দাখিলের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

৭) উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের উপজেলা কমিটি হতে ৪টি সভার কার্যবিবরণী পাওয়া গেছে। তিনি উক্ত কার্যবিবরণী পাঠ করে শুনান। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা কমিটির সভা নিয়মিত সভা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যানদ্বয়/ সংশ্লিষ্ট দপ্তর প্রধান |

৮) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ডা. মোঃ মশিউর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাজিরপুর এর প্রতিনিধি ডা. অতনু মিত্র জানান, ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। তিনি সকলকে এ বিষয়ে সচেতন থাকার পরামর্শ প্রদান করেন। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, ডেঙ্গু প্রতিরোধে মশক নিধনকল্পে ফগার মেশিন দ্বারা স্প্রে ছিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর |

| | | |
|---|---|---|
| [illegible] সন্তোষজনক।<br>খ) তিনি আরো জানান, তার দপ্তরের সকল কক্ষ মেরামত করা প্রয়োজন। ভবনের ছাদে ফাটল দেখা দিয়েছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | [illegible] জন্য উপজেলা কৃষি অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়।<br>খ) উপজেলা কৃষি অফিসের কক্ষ মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলী, নাজিরপুরকে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়। | [illegible]<br>উপজেলা প্রকৌশলী নাজিরপুর, পিরোজপুর |

১০) প্রাণিসম্পদ বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ডাঃ মোঃ তরিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাজিরপুর জানান সরকারি কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ২৫৪টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ২৬৩৩টি, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ১০৮৮৮টি। এছাড়া তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর |

১১) উপজেলা মৎস্য দপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব গৌতম মন্ডল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাজিরপুর জানান ২০২২-২৩ অর্থ বছরে মৎস্যজীবিদের গরু এবং ছাগল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান চায়না দোয়ারিকা নামক এক ধরনের জাল দিয়ে অবৈধভাবে মাছ শিকারের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। ইউপি চেয়ারম্যানগণের মাধ্যমে গ্রাম পুলিশদের সহযোগিতায় এসব অবৈধ জাল প্রতিহত করার জন্য সভায় অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, চায়না দোয়ারিকা জাল দিয়ে মাছ শিকার প্রতিহত করার জন্য উপজেলা মৎস্য দপ্তরকে সকল ইউনিয়নের গ্রাম পুলিশদের সহযোগিতা করার নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>চেয়ারম্যান (সকল) ইউপি<br>নাজিরপুর, পিরোজপুর |

১২) উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব জওহর বালা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাজিরপুর জানান, তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরিবার পরিকল্পনা দপ্তর কর্তৃক আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের বিশেষ সেবা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ের সার্বিক কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর। |

১৩। উপজেলা প্রকৌশল দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব জাকির হোসেন মিয়া, উপজেলা প্রকৌশলী, নাজিরপুর জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত/ সংস্কার করা আবশ্যক। এছাড়া তিনি আরো জানান, উপজেলা পরিষদের অব্যবহৃত ও ঝুঁকিপূর্ণ ভবনসমূহ কনডেম ঘোষণা করা প্রয়োজন। এ বিষয়ে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>খ) উপজেলা প্রকৌশলী আরো জানান, স্থানীয় সরকার বিভাগের ২১ সেপ্টেম্বর ২০২২ মাসের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২২.-৬৮৯ নং নং স্মারকে যে সকল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থের পরিমাণ কম কিন্তু উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত করা প্রয়োজন, সেই সকল উপজেলা পরিষদের মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা পরিষদের অনুমোদনসহ প্রস্তাব প্রেরণের নির্দেশনা রয়েছে। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত/ সংস্কার করার লক্ষ্যে আগামী সভায় প্রাক্কলন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।<br>উপজেলা পরিষদের অব্যবহৃত ও ঝুঁকিপূর্ণ ভবনমূহ কনডেম ঘোষণা করার লক্ষ্যে বিধি মোতাবেক পুরাতন ভবনের মূল্য নির্ধারণপূর্বক ইনভেনটরি উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।<br>খ) স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক আগামী সভায় উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন দাখিলের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নাজিরপুর, পিরোজপুর |
| | | |

১৪। শিক্ষা বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ আবুল বাশার, উপজেলা শিক্ষা অফিসার, নাজিরপুর জানান প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আন্তঃউপজেলা বদলী কার্যক্রম চলমান রয়েছে । এছাড়া নাজিরপুর উপজেলায় এ বছর ১৫১৬৬ জন শিক্ষার্থীকে মোবাইল ব্যাংকিং 'নগদ' এর মাধ্যমে উপবৃত্তি প্রদান করা হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন । | শিক্ষকদের বদলী কার্যক্রম এবং উপবৃত্তি নীতিমালা মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার নাজিরপুর, পিরোজপুর |

...ব উন্নয়ন অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব যাদব চন্দ্র রায়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর জানান আগামী ১লা নভেম্বর জাতীয় যুব দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠিত হবে। তিনি উক্ত অনুষ্ঠান সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | জাতীয় যুব দিবস যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুরকে নির্দেশনা প্রদান করা হয়। | যুব উন্নয়ন কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর |

১৬। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব আকাশ মন্ডল, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় এ উপজেলায় ২০২২-২৩ অর্থ বছরে ৯৭টি গভীর নলকূপ এবং ২০টি রেইন ওয়াটার হারভেস্টিং বরাদ্দ পাওয়া গিয়েছে। তিনি উক্ত বরাদ্দের ইউনিয়নওয়ারী বিভাজন পাঠ করে শুনান। উপকারভোগীদের তালিকা প্রস্তুতের জন্য উপজেলা ওয়াটসন কমিটির সভা আয়োজনের জন্য তিনি অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, সরকারি নির্দেশনা মোতাবেক সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের উপকারভোগী বাছাইয়ের লক্ষ্যে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

১৭। সমবায় অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব হোসনেয়ারা, উপজেলা সমবায় কর্মকর্তা, নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার, নাজিরপুর |

১৮। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব মোঃ ইস্রাফিল, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাজিরপুর জানান ঘূর্ণিঝড় সিত্রাংয়ে এ উপজেলা ক্ষয়ক্ষতির তালিকা প্রস্তুতপূর্বক জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। আগামী ১লা নভেম্বর থেকে কর্মসৃজন কর্মসূচি চালু হবে এবং ২০২২-২৩ অর্থ বছরের টিআর,কাবিখা ও কাবিটার ১ম কিস্তি হতে গ্রহণকৃত প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। | ক) বিস্তারিত আলোচনান্তে, ২০২২-২৩ অর্থ বছরের কর্মসৃজন কর্মসূচি, টিআর, কাবিখা ও কাবিটার প্রকল্প বিধি মোতাবেক দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাজিরপুর পিরোজপুর |
| খ) তিনি আরো জানান, জেলা প্রশাসক, পিরোজপুর মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ঘূর্ণিঝড় সিত্রাংয়ে জরুরী ভিত্তিতে ত্রাণসামগ্রী বিতরণের ব্যয় বাবদ ৯৬,০০০/- (ছিয়ানব্বই হাজার) টাকা ব্যয় করা হয়েছে। তিনি উক্ত ব্যয় নির্বাহের জন্য সভায় অনুরোধ জানান। | খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ঘূর্ণিঝড় সিত্রাংয়ে ব্যয় বাবদ ৯৬,০০০/-(ছিয়ানব্বই হাজার) টাকা নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

১৯। সমাজসেবা অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাহাবুব, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাজিরপুর জানান, ২০২২-২৩ অর্থ বছরে সমাজসেবা অধিদপ্তরের সকল ভাতা মোবাইল ব্যাংকিং বিকাশের মাধ্যমে প্রদান করা হবে। বিকাশ প্রতারক রোধে বহুল প্রচারের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণসহ সকলকে অনুরোধ জানান । | বিকাশে ভাতা প্রদান এবং প্রতারক চক্র রোধে ব্যাপক প্রচার প্রচারণার জন্য ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ নাজিরপুর, পিরোজপুর |

২০। পল্লী উন্নয়ন বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাসুম মিয়া , উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর জানান, আগামী ০২ নভেম্বর থেকে তিনি কাউখালী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। সপ্তাহে তিনি ২দিন কাউখালী এবং ৩দিন নাজিরপুর দায়িত্ব পালন করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কাউখালী দায়িত্বপালনকালে নাজিরপুর উপজেলার সেবা প্রদান বিঘ্নিত না হওয়ার বিষয়ে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর, |

২১। মহিলা বিষয়ক অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাজিরপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সর্ম্পকে আলোচনা করা সম্ভব হচ্ছে না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাজিরপুর |

২২। মাধ্যমিক শিক্ষা বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাহিদুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাজিরপুর জানান, তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নাজিরপুর, পিরোজপুর |

২৩। বন বিভাগ নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব শোয়েবুর রহমান, উপজেলা বন কর্মকর্তা, নাজিরপুর জানান,তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা বন কর্মকর্তা [illegible] পিরোজপুর |

| | | |
|---|---|---|
| কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | সকল ব্যাং[illegible] নাজিরপুর শাখা |

২৫। খাদ্য নিয়ন্ত্রক দপ্তর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাজিরপুর এর প্রতিনিধি জানান, ওএমএস এবং খাদ্যবান্ধব কর্মসূচি যথাযথভাবে চলছে। খাদ্য বান্ধব কর্মসূচির অনলাইন ডাটাবেজ প্রস্তুতের কাজ চলমান রয়েছে। তিনি এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | খাদ্য বান্ধব কর্মসূচির অনলাইন ডাটাবেজ প্রস্তুতের কাজে সহযোগিতা প্রদানের জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নাজিরপুর, পিরোজপুর |

১নং মাটিভাঙ্গা ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব জাহিদুল ইসলাম বিলু, চেয়ারম্যান, ১নং মাটিভাংগা ইউপি অনুপস্থিত থাকায় তার দপ্তর সর্ম্পকে আলোচনা করা সম্ভব হচ্ছে না। | চেয়ারম্যান, ১নং মাটিভাংগা ইউপিকে নিয়মিত উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

২৬। ২নং মালিখালী ইউনিয়ন পরিষদ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ রুহুল আমিন, চেয়ারম্যান, ২নং মালিখালী ইউপি এর প্রতিনিধি জানান মালিখালী ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মালিখালী ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান, ২নং মালিখালী ইউপি, নাজিরপুর |

২৭। ৩নং দেউলবাড়ী দোবড়া ইউনিয়ন

| | | |
|---|---|---|
| ক)জনাব এফ এম রফিকুল আলম বাবুল চেয়ারম্যান, ৩নং দেউলবাড়ী দোবড়া জানান দেউলবাড়ী দোবড়া ইউনিয়ন পরিষদের জমির সীমানা নির্ধারণ করা প্রয়োজন। তিনি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সহকারী কমিশনার (ভূমি) নাজিরপুর এর দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>খ) তিনি ভূমি হস্তান্তর করের ১% অর্থ হতে ইউনিয়ন পরিষদের অনুকূলে প্রকল্প গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br>গ) চেয়ারম্যান, ৩নং দেউলবাড়ী দোবড়া ইউপি আরো জানান, প্রাণিসম্পদ দপ্তরের উপকারভোগীদের তালিকা ইউনিয়ন পরিষদ মাধ্যমে প্রস্তুত করার জন্য তিনি সভার দৃষ্টি আর্কষণ করেন।<br>ঘ) তিনি আরো জানান, ঘূর্ণিঝড় সিত্রাংয়ে তার ইউনিয়নে ভাসমান সবজি চাষকারী কৃষকরা অনেক ক্ষতিগ্রস্থ হয়েছেন। সরকারি কোন বরাদ্দ/অনুদান পাওয়া গেলে ভাসমান সবজি চাষীদের বিষয়টি বিশেষভাবে আমলে রাখার জন্য তিনি অনুরোধ জানান।<br><br>ঙ) মাতৃত্বকালীন ভাতা প্রদানের ক্ষেত্রে মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম যথাযথভাবে চলছে না মর্মে তিনি সভায় অবহিত করেন। | ক) দেউলবাড়ী দোবড়া ইউনিয়ন পরিষদের জমির সীমানা নির্ধারণ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরাধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br>খ) ভূমি হস্তান্তর করের ১% অর্থের পর্যাপ্ততা থাকলে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপকারভোগীদের তালিকা প্রণয়নের বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>ঘ) বিস্তারিত আলোচনান্তে, ভাসমান সবজি চাষীদের সরকারি অনুদান/প্রণোদনা প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়।<br>ঙ) মাতৃত্বকালীন ভাতা প্রদানের বিষয়ে বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৩নং দেউলবাড়ী দোবড়া ইউপি, নাজিরপুর |

২৮। ৪নং দীর্ঘা ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব আশুতোষ বেপারী, চেয়ারম্যান, ৪নং দীর্ঘা ইউপি জানান, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান, ৪নং দীর্ঘা ইউপি, নাজিরপুর |

২৯। ৫নং শাঁখারীকাঠী ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব খালিদ হোসেন সজল, চেয়ারম্যান, ৫নং শাখারীকাঠী ইউপি জানান, ভূমি হস্তান্তর করের ইউপি ১% অংশ হতে ইউনিয়নের অবকাঠামো উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>খ) তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থ দ্বারা অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রতি ইউনিয়নে ১টি প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। তিনি উল্লেখ করেন এডিপির আওতায় গৃহীত প্রকল্প টেন্ডার প্রক্রিয়া | ক) ভূমি হস্তান্তর করের ইউপি ১% অংশ প্রকল্প গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় বিধি মোতাবেক উপজেলা প্রকৌশলী বরাবর প্রকল্প দাখিলের জন্য | উপজেলা প্রকৌশলী, নাজিরপুর, পিরোজপুর |

| | | |
|---|---|---|
| ম্বিত হওয়ার কারণে কাজের গুনমানে ত্রুটি দেখা দেয়। বিধায় দ্রুত প্রকল্প হণ এবং বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।<br>গ) তিনি আরো জানান, চাঁদকাঠী এবং তৈয়বের হাট খেয়াঘাটের রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়ছে। উক্ত রাস্তাসমূহ দ্রুত মেরামত করার জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সংশ্লিষ্ট সকলকে অনুরাধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) চাঁদকাঠী এবং তৈয়বের হাট খেয়াঘাটের রাস্তা সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

৩০। ৬নং নাজিরপুর সদর ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মোশারেফ হোসেন খান, চেয়ারম্যান, ৬নং নাজিরপুর ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান ৬নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ |

৩১। ৭নং সেখমাটিয়া ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব আতিয়ার রহমান চৌধুরী, চেয়ারম্যান, ৭নং সেখমাটিয়া ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান ৭নং সেখমাটিয়া ইউনিয়ন পরিষদ |

৩২। ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব মোঃ আলতাফ হোসেন বেপারী, চেয়ারম্যান, ৮নং শ্রীরামকাঠী ইউপি জানান তার ইউনিয়নের গ্রাম পুলিশের একাধিক পদ শূণ্য থাকায় ইউনিয়নের সার্বিক কার্যক্রম পরিচালনায় অসুবিধা দেখা দিয়েছে। তিনি বিধি মোতাবেক শূণ্য পদসমূহে গ্রাম পুলিশ নিয়োগের জন্য সভার মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) বিস্তারিত আলোচনান্তে, যে সকল ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের পদ শূণ্য রয়েছে তার প্রতিবেদন ৭(সাত) কর্মদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর বরাবর দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন পরিষদ |
| খ) তিনি আরো জানান, এলজিইডি কর্তৃক নতুন ব্রীজ নির্মাণকল্পে নৈলতলা বেপারী বাড়ীর ঘাটের ব্রীজ খুলে রাখা হয়েছে। উক্ত ব্রীজটি নাপিত বাড়ীর ঘাটে স্থানান্তর করা হলে জনসাধারণ উপকৃত হবে মর্মে তিনি উল্লেখ করেন। এছাড়া গাবতলা ,ভীমকাঠী ও মধুরাবাদের অব্যবহৃত আয়রন ব্রীজ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে, যে কোন সময় ব্রীজ ধ্বসে পড়তে পারে। উক্ত ব্রীজ অপসারণপূর্বক অন্যত্র পুনঃ স্থাপনের জন্য তিনি অনুরোধ জানান। | খ) বিস্তারিত আলোচনান্তে, নৈলতলা বেপারী বাড়ীর ঘাটের নাপিত বাড়ীর ঘাটে স্থাপন এবং গাবতলা ,ভীমকাঠী ও মধুরাবাদের অব্যবহৃত ঝুঁকিপূর্ণ আয়রন ব্রীজ জনগুরুত্বর্পূন স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নাজিরপুর, পিরোজপুর |
| গ) চেয়ারম্যান, ৮নং শ্রীরামকাঠী ইউপি আরো জানান ১৪২৬ বাংলা সনের হাট বাজার ইজারলব্ধ ১৫% অর্থ হতে শ্রীরামকাঠী বাজারে কোন প্রকল্প বাস্তবায়ন করা হয়নি। শ্রীরামকাঠী হাট উন্নয়নের লক্ষ্যে তিনি ১৫% অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের অনুরোধ জানান। | গ) উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রকল্প দাখিলের জন্য চেয়ারম্যান ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন পরিষদকে নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান (সকল) ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন পরিষদ |

৩৩। ৯নং কলারদোয়ানিয়া ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব হাসনাত, চেয়ারম্যান, ৯নং কলারদোয়ানিয়া ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান ৯নং কলারদোয়ানিয়া ইউনিয়ন পরিষদ |

৩৪। উপজেলা নির্বাহী অফিসার

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব সঞ্জীব দাশ, উপজেলা নিবার্হী অফিসার উপজেলা পরিষদে সিসি ক্যামেরা সংযোজন বাবদ ১,০০,০০০/- (একলক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের প্রস্তাব করেন। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দাখিলকৃত ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর উপজেলাবাসীর সার্বিক উন্নয়নে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(অমূল্য রঞ্জন হালদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
নাজিরপুর, পিরোজপুর

স্মারক নং- ৪৬.১০.৭৯৭৬.০০৪.০৬.০০১.২১-৮৮

তারিখঃ ৩১ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ
১৫ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ

অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. **জনাব শ.ম. রেজাউল করিম, মাননীয় সংসদ সদস্য-১২৭, পিরোজপুর-১ ও মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল।
৫. জেলা প্রশাসক, পিরোজপুর।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৯. উপজেলা............................................................ অফিসার, নাজিরপুর, পিরোজপুর।
১০. চেয়ারম্যান, (সকল) .................................................ইউপি, নাজিরপুর, পিরোজপুর।
১১. জনাব ...................................................................... নাজিরপুর, পিরোজপুর।
১২. অফিস কপি।

৩১.১০.২০22

ডা. সঞ্জীব দাশ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নাজিরপুর, পিরোজপুর